

যশোর বোর্ডে ১৩ শিক্ষাপ্রতিষ্ঠানে শতভাগ পাস, ৭ প্রতিষ্ঠানে ফেল সবাই

যশোর ব্যুরো

১৫ অক্টোবর,
২০২৪ ১৩:৪৮

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

যশোর শিক্ষাবোর্ডের ১৩টি শিক্ষাপ্রতিষ্ঠানের সব পরীক্ষার্থী এবারের এইচএসসি পরীক্ষায় পাস করেছেন। অন্যদিকে, ৭টি প্রতিষ্ঠানের কোনো পরীক্ষার্থী পাস করতে পারেননি।

শিক্ষাবোর্ড ঘোষিত ফলাফলে দেখা যায়, শতভাগ পাসের প্রতিষ্ঠানগুলোর মধ্যে শীর্ষে রয়েছে যশোরের চৌগাছায় অবস্থিত এস এম হাবিবুর রহমান পৌর কলেজ। এই কলেজ থেকে এবার পরীক্ষায় অবতীর্ণ ১২৭ শিক্ষার্থীর সবাই পাস করেছেন।

এ ছাড়া খুলনা মহানগরীর সোনাডাঙ্গা এলাকার প্রতিষ্ঠান ইসলামাবাদ কলেজিয়েট স্কুলের ৬১, খালিশপুরের নেভি অ্যাকাডেমি স্কুল অ্যান্ড কলেজের ৫৯ এবং ঝিনাইদহ ক্যাডেট কলেজের ৪৭ জন পরীক্ষার্থীর সবাই পাস করেছেন।

আরো পড়ুন



চিলমারীতে বেড়েছে বেওয়ারিশ কুকুরের উৎপাত, ২ দিনে আহত ১৫

শতভাগ পাসের শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর মধ্যে আরো রয়েছে যশোরের চৌগাছা উপজেলার হাকিমপুর মহিলা কলেজ (পরীক্ষার্থী সংখ্যা ২), নড়াইলের গোবরা মহিলা কলেজ (১), যশোরের কেশবপুরের তিতা বাজিতপুর এম কে বি মহিলা কলেজ (৩), বিকরগাছার বাঁকড়া হাজিরবাগ মহিলা আইডিয়াল কলেজিয়েট স্কুল (৯), খুলনার কয়রা উপজেলার হাড্ডা পাবলিক কলেজ (২), সাতক্ষীরা কমার্স কলেজ (৩), সাতক্ষীরা সদরের গোবরদাড়ি জরদিয়া স্কুল অ্যান্ড কলেজ (১), যশোরের চৌগাছা উপজেলার মাড়-য়া ইউসুপ খান স্কুল অ্যান্ড কলেজ (৩২) এবং কুষ্টিয়া সদরের সুনুপ ইন্টারন্যাশনাল স্কুল অ্যান্ড কলেজের (১৪) সব পরীক্ষার্থী পাস করেছেন।

আরো পড়ুন



মসজিদের পাশেই ছিল মদের দোকান, সেনাবাহিনীর অভিযানে আটক ২

অন্যদিকে, এবার যশোর বোর্ডের সাতটি প্রতিষ্ঠান থেকে কোনো পরীক্ষার্থী পাস করতে পারেননি। এই প্রতিষ্ঠানগুলো হলো, মেহেরপুরের মড়কা জাগরণ কলেজ, খুলনার মডেল মহিলা কলেজ, একই জেলার শাপলা কলেজ, সাতক্ষীরার আখড়াখোলা আইডিয়াল কলেজ, মাগুরার গোপীনাথপুর এম এ খালেক স্কুল অ্যান্ড কলেজ, যশোরের নেঙ্গুড়াহাট স্কুল অ্যান্ড কলেজ এবং বিনাইদহের নাজির উদ্দিন ইসলামিয়া কলেজ।

এই ৭টি প্রতিষ্ঠান থেকে মোট ১৮ জন এবারের পরীক্ষায় বসেছিলেন।